



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং: ৫৩৮/মাধ্য-পরী/২০০৩/৩০৭

তারিখ: ০৮/১১/২০১৮ খ্রি:

বিষয়: ২০১৯ সালের এসএসসি পরীক্ষার ফরমপূরণে অতিরিক্ত ফি আদায় না করা প্রসঙ্গে

সূত্র: ক) মহামান্য হাইকোর্টের সুয়োমোটো রুল নং- ২৫/২০১৮, তারিখ: ০১/০৯/২০১৮ খ্রি:

খ) ৫৩৮/মাধ্য-পরী/২০০৩/১২৮, তারিখ: ২৫/০৯/২০১৮ স্মারকে প্রকাশিত এসএসসি পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য বোর্ড কর্তৃক ফরমপূরণ ফি (প্রতি শিক্ষার্থী) নিম্নবর্ণিত হারে নির্ধারণ করা হয়েছে:

বিজ্ঞান বিভাগ (৪র্থ বিষয়সহ)	ব্যবসায় শিক্ষা বিভাগ (৪র্থ বিষয়সহ)	মানবিক বিভাগ (৪র্থ বিষয়সহ)
১। বোর্ড ফি- ১৩৮৫.০০ টাকা	১। বোর্ড ফি- ১২৯৫.০০ টাকা	১। বোর্ড ফি- ১২৯৫.০০ টাকা
২। কেন্দ্র ফি ৪১৫.০০ টাকা	২। কেন্দ্র ফি ৩৮৫.০০ টাকা	২। কেন্দ্র ফি ৩৮৫.০০ টাকা
(ব্যবহারিক ফিসহ) ১৮০০.০০ টাকা	(ব্যবহারিক ফিসহ) ১৬৮০.০০ টাকা	(ব্যবহারিক ফিসহ) ১৬৮০.০০ টাকা

(বি: দ্র:- ২০১৭-২০১৮ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ফরমপূরণে শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা-১৪৭ এবং ক্যারিয়ার শিক্ষা- ১৫৬ বিষয়ের পরীক্ষা ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে স্ব-স্ব প্রতিষ্ঠানে সম্পন্ন হবে বিধায় উক্ত বিষয় দুটির বোর্ড ফি প্রদান করতে হবে না। তবে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের উক্ত বিষয় দুটির পরীক্ষা ফি প্রদান করতে হবে।

এমতাবস্থায় মহামান্য হাইকোর্টের আদেশ ও শিক্ষা বোর্ডের পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি আদায় না করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি


০৮.১১.১৮

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ০২-৯৬৬৯৮১৫

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

এ বোর্ডের আওতাধীন এসএসসি পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৪. জেলা শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা (তঁার অধীন সংশ্লিষ্ট প্রধান শিক্ষক/কেন্দ্র সচিবদের বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৫. পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি